

দাদার স্নেহনীড়ে মুহাম্মাদ (محمد إلى جده العطف)

পিতৃ-মাতৃহীন ইয়াতীম মুহাম্মাদ এবার এলেন প্রায় ৮০ বছরের বৃদ্ধ দাদা আব্দুল মুত্তালিবের স্নেহনীড়ে। আব্দুল মুত্তালিব নিজেও ছিলেন জন্ম থেকে ইয়াতীম। সেই শিশুকালের ইয়াতীম আব্দুল মুত্তালিব আজ বৃদ্ধ বয়সে নিজ ইয়াতীম পৌত্রের অভিভাবক হন। কিন্তু এ স্নেহনীড় বেশী দিন স্থায়ী হয়নি।

মাত্র দু'বছর পরে শিশু মুহাম্মাদের বয়স যখন ৮ বছর, তখন তার দাদা আব্দুল মুত্তালিব ৮২ বছর বয়সে মক্কায় ইন্তেকাল করেন। ফলে তাঁর অছিয়ত অনুযায়ী আপন চাচা আবু ত্বালিব তার দায়িত্বভার

গ্রহণ করেন এবং আমৃত্যু প্রায় চল্লিশ বছর যাবৎ
তিনি ভাতীজার যোগ্য অভিভাবক হিসাবে
জীবনপাত করেন।[1]

[1]. ইবনু হিশাম ১/২২৩, ২৩৫, ছাবাক্বাত ইবনে সা'দ ১/১১৭-১৮। বর্ণনাটির
সনদ 'যঈফ' (তাহকীক ইবনু হিশাম ক্রমিক ১৭০)।